

সমকাল

বন্ধ হলের সামনে চুয়েট শিক্ষার্থীদের অবস্থান

প্রকাশ: ২০ ফেব্রুয়ারি ২১ | ২২:৫৮ | আপডেট: ২০ ফেব্রুয়ারি ২১ | ২৩:০১

চুয়েট সংবাদদাতা



ফাইল ছবি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের চূড়ান্ত বর্ষের পরীক্ষা দিতে আসা কিছু শিক্ষার্থী আবাসিক হলের সামনে অবস্থান নিয়েছেন।

শনিবার বিকেল থেকে শহীদ তারেক হুদা হলের সামনে অবস্থান করছেন তারা। শিক্ষার্থীরা জানান, আবাসিক হল বন্ধ থাকায় তারা মেস খুঁজেছিলেন। কিন্তু মেস না পেয়ে হলের সামনে অবস্থান নিয়েছেন। রাতেও আবাসিক হলের সামনেই অবস্থান করবেন।

দীর্ঘ এগারো মাস পর চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের শেষ টার্মের পরীক্ষা নেবে চুয়েট প্রশাসন। কিন্তু শিক্ষার্থীদের জন্য আবাসিক হলগুলো খুলে দেওয়া হচ্ছে না। আগামীকাল সোমবার থেকে বিভিন্ন বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। তাই সবাই ক্যাম্পাসে চলে এলে মেসগুলোতে জায়গার সংকট দেখা দেয়। শিক্ষার্থীরা কোনো উপায় না পেয়ে হলের সামনেই বিছানাপত্র নিয়ে অবস্থান নিয়েছেন। তারা বলেন, হল না খুললে এভাবে থেকেই অবস্থান করে পরীক্ষা দেবেন।

এ ব্যাপারে চুয়েট যন্ত্রকৌশল বিভাগের চূড়ান্ত বর্ষের শিক্ষার্থী জাফর আহাম্মেদ সমকালকে জানান, তিনি অনেক চেষ্টা করেও চুয়েটের আশপাশের কোনো মেসে থাকার ব্যবস্থা করতে পারেননি। বাধ্য হয়ে হলের সামনে অবস্থান নিয়েছেন।

শনিবার সন্ধ্যা পর্যন্ত চুয়েটের শহীদ তারেক হুদা হলের সামনে ২০ জন শিক্ষার্থী অবস্থান করেন। শহীদ তারেক হুদা হলের প্রভোস্ট ড. জিয়াউল হক হায়দার বলেন, 'আমরাও চাই আমাদের শিক্ষার্থীরা কোনো রকম ভোগান্তি ছাড়া পরীক্ষা দিক। আমরা সবসময় শিক্ষার্থীদের পক্ষেই আছি। কর্তৃপক্ষ অনুমতি দিলেই হল খুলে দিতে পারব।'

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com